[redacted]

[redacted]

[redacted]

[

পানি সংগ্রহ করে ব্যবহার করতে হবে, অতিরিক্ত গরম থেকে বাঁচতে ছাদে গাছ লাগানো যেতে পারে, পানির অপচয় রোধ করতে হবে, খাবার স্যালাইন সংগ্রহে রাখতে হবে, অত্যাধিক গরম হলে দুপুরে বাইরে কাজ থেকে বিরত থাকতে হবে হিটস্ট্রোক থেকে রক্ষা পাওয়ার জন্য।

এল নিনো ও জলবায়ু পরিবর্তনের যৌথ প্রভাবে দক্ষিণ এশিয়ায় বৃষ্টিপাত ও আবহাওয়া অনিয়মিত ও প্রাণঘাতী হয়ে পড়েছে। বিশ্ব আবহাওয়া সংস্থার মতে এল নিনো একটি স্বাভাবিক চক্র হলেও মানুষের দায়িত্বহীন কর্মকান্ড এর তীব্রতাকে বহুগুণে বাড়িয়ে দিচ্ছে। প্রকৃতি নিজ থেকে এই এল নিনো থামালেও মানুষের তৈরি জলবায়ু পরিবর্তন থামছে না।

পৃথিবীর তাপমাত্রা নিয়ন্ত্রণ করতে হলে এখন থেকেই কয়লা, তেল ও গ্যাসের ব্যবহার কমাতে হবে। বনায়ন করতে হবে এবং ক্ষতিকর ধোঁয়া নির্গমন রোধে আন্তর্জাতিক স্তরে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে। ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সুন্দর, বসবাসযোগ্য ও স্বাস্থ্যকর পৃথিবী রেখে যেতে হলে আমাদের এখন থেকেই গাছ কাটা বন্ধ করে বনায়ন করতে হবে এবং সেই সাথে ক্ষতিকর ধোঁয়া নির্গমন বন্ধ করতে হবে।

লেখক: মাস্টার মেরিনার,(এ এফ এন আই), এক্স ক্যাডেট, বাংলাদেশ মেরিন একাডেমি চট্টগ্রাম।